# জুলাই সনদ ছাড়া নির্বাচনে যাবে না এনসিপি: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম: সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম সাফ জানিয়ে দিয়েছেন, জুলাই সনদ, বিচার ও সংস্কার ছাড়া কোনো নির্বাচন গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, “এই সনদই হবে রাজনৈতিক অচলাবস্থার সমাধান।”

সোমবার সকালে রাজশাহী থেকে নাটোরের উদ্দেশে যাত্রা শুরুর আগে রাজশাহীর পর্যটন মোটেলে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

নাহিদ ইসলাম বলেন, "আমরা ৫ আগস্ট পর্যন্ত অপেক্ষা করব। আশা করছি, এই সময়ের মধ্যেই সরকার ও সংশ্লিষ্ট পক্ষগুলো জুলাই সনদ ঘোষণা করবে। যদি তা না হয়, তাহলে পরবর্তী সিদ্ধান্ত অভ্যুত্থান-প্রক্রিয়ার অন্যান্য অংশীজনদের সঙ্গে আলোচনা করেই নেওয়া হবে।”

তিনি আরও বলেন, “জুলাই সনদ ঘোষণা বিলম্বিত হওয়ার কারণ সরকারকেই ব্যাখ্যা করতে হবে। জনগণের প্রত্যাশার প্রতি শ্রদ্ধা রেখেই এখন সিদ্ধান্ত নেওয়ার সময়।”

এনসিপি নেতার ভাষ্য অনুযায়ী, রাজশাহীতে তাদের দলের শক্তিশালী জনসমর্থন রয়েছে, যা বাংলাদেশের পুনর্গঠনের সংগ্রামে বড় অনুপ্রেরণা হয়ে উঠেছে।

পথসভায় রাজশাহী অঞ্চলের স্থানীয় নেতা-কর্মীরা অংশ নেন এবং এলাকার নানা সমস্যা দলের কেন্দ্রীয় নেতৃত্বের সামনে তুলে ধরেন।